



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ:

বিষয় : অর্থনীতি বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৭-০৫-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.১১.০৪৯.২০১৬-১৪৬ নং স্মারক পত্র।

খ) অধ্যক্ষ মহোদয়ের ১৪-০৬-২০১৭ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং-১০৯২৭) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন “আমাদা আদর্শ কলেজ”-এ অর্থনীতি বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

### শর্তসমূহ:

- ১। শিক্ষা প্রতিষ্ঠানে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে- পরিশোধ করতে হবে।
- ২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না।
- ৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসাবে বিবেচিত হবেনা।
- ৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৮। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদিও সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৯। সরকার উপযুক্ত মনে করলে যে কোন সময় এ বিষয় খোলার আদেশ বাতিল বা স্থগিত করতে পারে।
- ১০। NTRCA সনদধারী শিক্ষক ও মহিলা কোটা পূরণ করতে হবে।
- ১১। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ২০০০/(এক হাজার) টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।
- ১২। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ১৩। এ বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

আমাদা আদর্শ কলেজ

ডাক: আমাদা, লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-ক/অ/ ৩০৬ (৮)/১-৮

তারিখ: ২৪/৭/২০১৭

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শাখা-৯ (বেসরকারি কলেজ-১), ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৬। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৮। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।